কৃষিই সমৃদ্ধি

# বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল

**নতুন বিমানবন্দর সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫**

স্মারক নং-১২.২০.০০০০.০০৪.০৬.০০৯.০২-১৭৪২ তারিখ: ২১আগস্ট, ২০২৫ খ্রি.

**বিষয়: আলু ফসলের জাত মূল্যায়নের নিমিত্ত গঠিত কমিটির দ্বিতীয় সভার কার্যবিবরণী প্রেরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, গত ২০ আগস্ট ২০২৫ তারিখে আলু ফসলের জাত মূল্যায়নের নিমিত্ত গঠিত কমিটির দ্বিতীয় সভা নির্বাহী চেয়ারম্যান, বিএআরসি সভাপতিত্বে, সম্মেলন কক্ষ-১, বিএআরসিতে অনুষ্ঠিত হয়। সভার কার্যবিবরণী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত এতদসঙ্গে প্রেরণ করা হলো।

নাজমুন নাহার করিম
২১/৮/২৫

(ড. নাজমুন নাহার করিম)
নির্বাহী চেয়ারম্যান (রু. দা.), বিএআরসি ও আহ্বায়ক
আলু ফসলের জাত মূল্যায়ন কমিটি

সংযুক্তি:
* সভার কার্যবিবরণী- ১ পৃষ্ঠা।

**কার্যার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

**আলু ফসলের জাত মূল্যায়ন কমিটি:**

১। পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুর ও সদস্য, আলু ফসলের জাত মূল্যায়ন কমিটি।
২। পরিচালক, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা ও সদস্য, আলু ফসলের জাত মূল্যায়ন কমিটি।
৩। পরিচালক, কন্দাল ফসল গবেষণা কেন্দ্র, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর ও সদস্য, আলু ফসলের জাত মূল্যায়ন কমিটি।
৪। মহাব্যবস্থাপক (বীজ), বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, কৃষি ভবন, মতিঝিল, ঢাকা ও সদস্য, আলু ফসলের জাত মূল্যায়ন কমিটি।
৫। পরিচালক (গবেষণা), বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর ও সদস্য, আলু ফসলের জাত মূল্যায়ন কমিটি।
৬। পরিচালক (গবেষণা), বাংলাদেশ পরমাণু গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ ও সদস্য, আলু ফসলের জাত মূল্যায়ন কমিটি।
৭। পরিচালক, বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট, ঢাকা ও সদস্য, আলু ফসলের জাত মূল্যায়ন কমিটি।
৮। প্রধান বীজতত্ত্ববিদ, বীজ অধিশাখা, কৃষি মন্ত্রণালয়, ঢাকা ও সদস্য, আলু ফসলের জাত মূল্যায়ন কমিটি।
৯। সদস্য পরিচালক (শস্য), বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল, ফার্মগেট, ঢাকা ও সদস্য সচিব, আলু ফসলের জাত মূল্যায়ন কমিটি।
১০। ড. মো. মোশাররফ হোসেন মোল্লা, মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, কন্দাল ফসল গবেষণা কেন্দ্র, বিএআরআই ও সদস্য সচিব, আলু ফসলের জাত মূল্যায়ন কমিটি।
১১। ড. মো. মাহফুজ আলম, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (শস্য), বিএআরসি ও সদস্য সচিব, আলু ফসলের জাত মূল্যায়ন কমিটি।
১২। সভাপতি/সম্পাদক, বাংলাদেশ সীড এসোসিয়েশন, মনিপুরিপাড়া, ঢাকা ও সদস্য আলু ফসলের জাত মূল্যায়ন কমিটি।
১৩। কৃষিবিদ মো. শাহজাহান আলী, সিনিয়র ভাইস প্রেসিডেন্ট, বাংলাদেশ সোসাইটি অব সীড টেকনোলোজি, ঢাকা ও সদস্য, আলু ফসলের জাত মূল্যায়ন কমিটি।

**অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, কৃষি ভবন, ৪৯-৫১, দিলকুশা, মতিঝিল, ঢাকা।
২। মহাপরিচালক, বীজ অনুবিভাগ ও অতিরিক্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
৪। মহাপরিচালক, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর।
৫। মহাপরিচালক, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর।
৬। মহাপরিচালক, বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ।
৭। মহাপরিচালক, বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট, মানিকমিয়া এভিনিউ, ঢাকা।
৮। পরিচালক, কম্পিউটার ও জিআইএস ইউনিট, বিএআরসি (ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।

ফোন: +৮৮-০২-৪১০২৫২৫২, ; ফ্যাক্স: +৮৮-০২-২২২২৪২৬৪৭
ই-মেইল: ec.barc@barc.gov.bd, info@barc.gov.bd; ওয়েবসাইট: www.barc.gov.bd

# আলু ফসলের জাত মূল্যায়নের নিমিত্ত গঠিত কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি : ড. নাজমুন নাহার করিম, নির্বাহী চেয়ারম্যান, বিএআরসি ও আহ্বায়ক, আলু ফসলের জাত মূল্যায়নের নিমিত্ত গঠিত কমিটি।

স্থান : সম্মেলন কক্ষ-১, বিএআরসি।

তারিখ : ২০ আগস্ট, ২০২৫খ্রি.

উপস্থিতি : পরিশিষ্ট 'ক'

সভার শুরুতে কমিটির সভাপতি ড. নাজমুন নাহার করিম, নির্বাহী চেয়ারম্যান (রু. দা.), বিএআরসি সম্মানিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। জাতীয় বীজ বোর্ডের ১১৪তম সভার সিদ্ধান্ত এবং গত ০৭ জুলাই, ২০২৫ তারিখে আলু ফসলের জাত মূল্যায়নের নিমিত্ত গঠিত কমিটির প্রথম সভার সিদ্ধান্তের আলোকে বীজ আলুর জাত, ফলন, জীবনকাল, রোগবালাই, আমদানি/রপ্তানি এবং শিল্পে ব্যবহার উপযোগীতা বিষয়গুলো অধিকতর যাচাইয়ের কাজ সুচারুরূপে সম্পাদনের জন্য কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপপরিচালক (বীজ ও উপকরণ) এবং বাংলাদেশ সীড এসোসিয়েশন হতে দুইজন কো-অপ্ট সদস্য কমিটিতে অন্তর্ভুক্তির বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। অতপর, কমিটির সদস্য সচিব ড. মো. আবদুছ ছালাম, সদস্য পরিচালক (শস্য), বিএআরসি নিবন্ধিত আলু ফসলের জাতগুলোর ফলন, জীবনকাল, রোগবালাই, আমদানি/রফতানি এবং শিল্পে ব্যবহার উপযোগীতা বিষয়গুলো অধিকতর মূল্যায়নের লক্ষ্যে কমিটি কর্তৃক প্রস্তুতকৃত খসড়া সার্ভে প্রশ্নমালা সভায় উপস্থাপন করেন। তথ্য-উপাত্ত সংগ্রহের নিমিত্ত প্রস্তুতকৃত খসড়া সার্ভে প্রশ্নমালা প্রয়োজনীয় সংশোধনের নিমিত্ত বিস্তারিত আলোচনা হয় এবং সকল সদস্যের মতামতের ভিত্তিতে চূড়ান্ত করা হয়। এছাড়াও আলু ফসলের জাত মূল্যায়নের নিমিত্ত সার্ভের সময়, মেজর এরিয়া (পঞ্চগড়, ঠাকুরগাও, দিনাজপুর, নীলফামারী, রংপুর, জয়পুরহাট, বগুড়া, রাজশাহী, জামালপুর, ময়মনসিংহ, মুন্সিগঞ্জ) নির্বাচন, স্যাম্পল সাইজ এবং কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মাঠ পর্যায়ে কর্মরত কর্মকর্তাদের অংশগ্রহণের বিষয় নিয়ে বিস্তারিত আলোচনা হয়। বিস্তারিত আলোচনা শেষে নিম্নলিখিত সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

**সিদ্ধান্ত:**

১। কৃষি মন্ত্রণালয় বরাবর আলুর ফসলে জাত মূল্যায়ন প্রতিবেদন প্রদানের মেয়াদ ডিসেম্বর ২০২৫ পর্যন্ত বৃদ্ধির জন্য পত্র প্রেরণ।

২। কৃষি সম্প্রসারণ অধিদপ্তর হতে ড. মো. মনিরুল ইসলাম, উপপরিচালক (বীজ ও উপকরণ), সরেজমিন উইং-কে কো-অপ্ট সদস্য হিসেবে কমিটিতে অন্তর্ভুক্ত করা। বাংলাদেশ সিড এসোসিয়েশন দুই জন সদস্যের মনোনয়ন বিএআরসি বরাবর প্রেরণ করবে (নাম, পদবি, প্রতিষ্ঠান, মোবাইল ও ইমেইলসহ)।

৩। কমিটির পরবর্তী সভা ০৭ সেপ্টেম্বর ২০২৫ এ অনুষ্ঠিত হবে।

৪। সেপ্টেম্বর ২০২৫ এর মধ্যে শিল্প প্রতিষ্ঠান, আমদানিকারক, রপ্তানিকারক ও কোল্ডস্টোরেজ সংশ্লিষ্ট এসোসিয়েশনের সদস্যের অংশগ্রহণে সার্ভে সম্পন্ন করা।

৫। অক্টোবর ২০২৫ এর মধ্যে ১০টি জেলায় (পঞ্চগড়, ঠাকুরগাও, দিনাজপুর, নীলফামারী, রংপুর, জয়পুরহাট, বগুড়া, রাজশাহী, জামালপুর, ময়মনসিংহ, মুন্সিগঞ্জ) কৃষক, উপজেলা কৃষি কর্মকর্তা, কৃষি সম্প্রসারণ কর্মকর্তা এবং উপসহকারী কৃষি কর্মকর্তাদের সার্ভে সম্পন্ন করা। এ বিষয়ে বিএআরসি প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবে।

অতপর, সভায় আর কোনো আলোচ্যসূচি না থাকায়, সভাপতি সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

নাজমুন নাহার করিম
২১/৮/২৫

ড. নাজমুন নাহার করিম
নির্বাহী চেয়ারম্যান (রু. দা.), বিএআরসি ও আহ্বায়ক
আলু ফসলের জাত মূল্যায়নের নিমিত্ত গঠিত কমিটি।